২৭ আগস্ট, ২০২৫

# শাহবাগে প্রকৌশল শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ, টিয়ারশেল-সাউন্ড গ্রেনেড নিক্ষেপ



সংগৃহীত ছবি

‘লং মার্চ টু ঢাকা’ কর্মসূচির অংশ হিসেবে শাহবাগ থেকে প্রধান উপদেষ্টার বাসভবনের দিকে অগ্রসর হলে প্রকৌশল শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ ঘটে। ব্যারিকেড ভাঙার চেষ্টা করলে পুলিশ টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

রাজধানীর শাহবাগে বুধবার (২৭ আগস্ট) দুপুরে প্রকৌশল শিক্ষার্থীদের আন্দোলনে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পূর্বঘোষিত ‘লং মার্চ টু ঢাকা’ কর্মসূচির অংশ হিসেবে শিক্ষার্থীরা প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার দিকে এগোতে চাইলে পুলিশের সঙ্গে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। হোটেল ইন্টারকন্টিনেন্টালের সামনে শিক্ষার্থীরা ব্যারিকেড ভাঙার চেষ্টা করলে পুলিশ তাদের ছত্রভঙ্গ করে দেয় এবং কয়েক রাউন্ড টিয়ারশেল ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে। পরবর্তীতে শিক্ষার্থীরা সেখান থেকে সরে যান।

এর আগে শিক্ষার্থীরা তিন দফা দাবিতে দ্বিতীয় দিনের মতো শাহবাগ অবরোধ করেন। তাদের স্লোগানে পুরো এলাকা মুখর হয়ে ওঠে। শিক্ষার্থীরা স্লোগান দেন— “আপস না সংগ্রাম, সংগ্রাম সংগ্রাম”, “কোটা না মেধায়, মেধায় মেধায়”, “অবৈধ ডিপ্লোমা কোটা অবসান চাই”, “কোটার নামে অবিচার বন্ধ করো” এবং “কোটা প্রথা ভেঙে দাও, মেধাবিদের অধিকার ফিরিয়ে দাও”।

LENS ASIA

প্রকৌশল শিক্ষার্থীরা তাদের তিন দফা দাবিতে জানান— ডিপ্লোমা প্রকৌশলীদের নামের আগে ‘প্রকৌশলী’ উপাধি ব্যবহার না করা, কাউকে পদোন্নতি দিয়ে নবম গ্রেডে উন্নীত না করা এবং দশম গ্রেডের চাকরিতে কেবলমাত্র স্নাতক প্রকৌশলীদের সুযোগ নিশ্চিত করা।